

NYC স্কুলস্ অ্যাকাউন্ট

সংক্ষিপ্তসার

NYC স্কুলস্ অ্যাকাউন্ট (NYCSA) একটি ওয়েবভিত্তিক অ্যাপ্লিকেশন (উপকরণ) আপনার সন্তানের প্রাতিষ্ঠানিক ও জীবনী-সংক্রান্ত (বায়োগ্রাফিকাল) তথ্য আপনাদেরকে কম্পিউটার, ফোন বা ট্যাবলেটে দেখার সুবিধা প্রদান করে। অ্যাপ্লিকেশনটি ইংরেজি ছাড়া আরও নয়টি ভাষায় পাওয়া যায়। অ্যাকাউন্টে আপনারা সন্তানের যেসব তথ্য দেখবেন:

- উপস্থিতি
- গ্রেড
- মূল্যায়ন বা অ্যাসেসমেন্টস্ (টেস্ট স্কোরস)
- স্বাস্থ্য সংক্রান্ত তথ্য (ফিটনেসগ্রাম)
- সময়সূচি
- অভিভাবক
- এনরোলমেন্টের ইতিহাস
- প্রমোশন ট্র্যাকার
- গ্র্যাজুয়েশন ট্র্যাকার
- রিডিং লেভেল
- পরিবহন (ট্রান্সপোর্টেশন)

আমি কীভাবে একটি NYC স্কুলস্ অ্যাকাউন্ট তৈরি করতে পারি?

NYC স্কুলস্ অ্যাকাউন্ট তৈরি করার দুটি উপায় আছে। আপনি একটি সাময়িক বা টেম্পোরারী পাসওয়ার্ড পেতে আপনার সন্তানের স্কুলে নিজে যেতে পারেন, অথবা সন্তানের মাধ্যমে বাড়িতে পাঠানো চিঠিতে দেয়া অ্যাকাউন্ট তৈরির কোড ব্যবহার করতে পারেন।

ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে

1. আপনার সন্তানের স্কুলের সাথে অ্যাপয়েন্টমেন্ট ঠিক করুন।
2. একটি বৈধ ফটো ID (যেমন আপনার পাসপোর্ট, আপনার ড্রাইভার্স লাইসেন্স, IDNYC), আপনার ইমেইল ঠিকানা, এবং আপনার সন্তানের 9 ডিজিট স্টুডেন্ট ID নাম্বার, যা তার রিপোর্ট কার্ডে পাওয়া যাবে, নিয়ে যাবেন।
3. আপনি যখন আপনার স্কুলে অ্যাকাউন্ট খুলবেন তখন আপনি একটি রশিদ বা রিসিট পাবেন যার উপরে আপনার সাময়িক বা টেম্পোরারী পাসওয়ার্ড লেখা রয়েছে।
4. <http://mystudent.nyc> ওয়েবসাইটে যান এবং আপনার ইমেইল ঠিকানা ও টেম্পোরারী পাসওয়ার্ড এন্টার করুন। আপনার অ্যাকাউন্টের জন্য আপনাকে একটি নতুন পাসওয়ার্ড, আপনার নিরাপত্তামূলক প্রশ্নাবলী বা সিকিউরিটির কোর্সেচন প্রস্তুত করতে হবে এবং আপনার ইমেইল ঠিকানা নিশ্চিত করতে হবে।

অনলাইনে

আপনার সন্তানের সাথে চিঠির মাধ্যমে অ্যাকাউন্ট তৈরীর (ক্রিয়েশন) কোড বাড়িতে পাঠানো হবে যা আপনার প্রয়োজন হবে। এছাড়াও আপনি চিঠি ডাকযোগে পাঠানোর জন্য স্কুলে অনুরোধ করতে পারেন। NYC স্কুলস্ অ্যাকাউন্ট তৈরি অথবা বিদ্যমান অ্যাকাউন্টে অন্য একজন সন্তানকে যোগ করতে আপনার এই কোড এবং আপনার সন্তানের 9 ডিজিট স্টুডেন্ট ID নাম্বার প্রয়োজন হবে।

1. <http://mystudent.nyc> ওয়েবসাইটে যান এবং লগইন পেইজে “Create account (অ্যাকাউন্ট তৈরি করুন)” লিংক নির্বাচন করুন।
2. আপনার সন্তানের 9 ডিজিট স্টুডেন্ট ID এন্টার করুন। আপনি আপনার সন্তানের ID নাম্বার তার রিপোর্ট কার্ডে পাবেন। যদি আপনার কাছে আপনার সন্তানের ID নাম্বার না থেকে থাকে, তবে আপনার সন্তানের স্কুলের সাথে যোগাযোগ করুন।
3. অনন্য বা ইউনিক অ্যাকাউন্ট তৈরীর কোড টাইপ করুন।

4. আপনার ইমেইল ঠিকানা দিন এবং একটি নতুন পাসওয়ার্ড তৈরী করুন।
5. “Create account (অ্যাকাউন্ট তৈরি করুন)” বেছে নিন এবং আপনার ইমেইল ও পাসওয়ার্ড দিয়ে লগ ইন করার জন্য “সাইন ইন” বেছে নিন।
6. প্রথমবার সাইন ইন করার পর আপনাকে তিনটি নিরাপত্তামূলক প্রশ্ন বা সিকিউরিটি কোয়েশ্চন বেছে নিয়ে উত্তর দিতে হবে আপনার ইমেইল ঠিকানা নিশ্চিত করতে হবে।

আপনার সন্তানের তথ্য দেখার সুযোগ (এক্সেস শেয়ার)

আপনি অন্যান্য প্রাপ্তবয়স্কদেরকে, যারা আপনার সন্তানের স্কুল রেকর্ডের সাথে সংশ্লিষ্ট, তাদেরকে নিজস্ব অ্যাকাউন্ট খুলতে আহ্বান জানাতে পারেন। আপনারা আত্মীয়স্বজন, বেবিসিটার, পাড়াপ্রতিবেশী, কিংবা টিউটর, অথবা পিতামাতাদের কোন একজন যদি অন্য কোথাও থাকেন, এবং অন্য যাদের আপনার সন্তানের তথ্য জানার উচ্চ বলে মনে করেন, তাদেরকে আমন্ত্রণ জানাতে পারেন। কিন্তু, যেহেতু কিছু তথ্য স্কুল গোপন রাখে, সেহেতু আপনারা কাদেরকে আমন্ত্রণ জানাবেন, তা আমরা সাবধানে বিবেচনা করে দেখতে বলি। কতটুকু বেশি বা কতটুকু কম তথ্য আপনি তাদেরকে দেখার সুযোগ দেবেন তা আপনি নিয়ন্ত্রণ করবেন।

আপনার অ্যাকাউন্ট নিবন্ধনের পর Manage User Access page (ম্যানেজ ইউজার অ্যাক্সেস পেইজ) খুলুন। এখানে আপনি দেখতে পাবেন কোন্ প্রাপ্তবয়স্কদের সাথে আপনার সন্তানের তথ্য শেয়ার করতে পারবেন। আপনি যাদেরকে সন্তানের তথ্য দেখার সুযোগ দিতে চান, তাদেরকে আপনার সন্তানের স্টুডেন্ট ID নম্বর দিতে হবে। ঐ নম্বর ছাড়া, তারা অ্যাকাউন্টে যোগদান প্রক্রিয়া সম্পন্ন করতে পারবে না।

আমার কোন্ তথ্য দেখার বা অ্যাক্সেস করার সুযোগ আছে?

আপনার সন্তানের রেকর্ডের সাথে সংশ্লিষ্ট প্রত্যেক প্রাপ্ত বয়স্ককে কাস্টোডিয়াল, নন-কাস্টোডিয়াল, কিংবা অতিরিক্ত ব্যবহারকারী হিসেবে নির্ধারণ করা হয়েছে। এই ভূমিকা নির্ধারণ নিশ্চিত করে তারা আপনার সন্তানের কতটুকু তথ্য দেখতে পাবে।

- কাস্টোডিয়াল (জিম্মাদার) ব্যবহারকারী হিসেবে, আপনি NYC স্কুলস্ অ্যাকাউন্টে আপনার সন্তানের সকল তথ্য দেখতে পারবেন। এছাড়াও, আপনি অন্যান্য প্রাপ্তবয়স্ক ব্যক্তিদেরকে সন্তানের তথ্য দেখতে আমন্ত্রণ জানাতে পারেন।
- নন-কাস্টোডিয়াল (অ-জিম্মাদার) ব্যবহারকারীগণ, NYC স্কুলস্ অ্যাকাউন্টে তাদের সন্তানের প্রায় সকল তথ্য দেখতে পারবেন।
- সন্তানের কাস্টোডিয়াল পিতামাতা আপনাকে যা যা দেখার সুযোগ দিতে চাইবেন, বাড়তি ব্যবহারকারী বা অ্যাডিশন্যাল ইউজার হিসেবে আপনি তা দেখতে পাবেন।

আমি NYC স্কুলস্ অ্যাকাউন্ট বিষয়ে কোথায় সহায়তা পাবো?

যদি সহায়তার দরকার হয় বা আপনার অ্যাকাউন্ট কীভাবে ব্যবহার করবেন সেসম্পর্কে কোন প্রশ্ন থাকে, তাহলে আপনার সন্তানের স্কুলে যোগাযোগ করুন অথবা 311 নম্বরে ফোন করুন। আপনি আরো জানতে পারেন NYC স্কুলস্ অ্যাকাউন্ট ওয়েবপেইজ [https://www.schools.nyc.gov/school-life/support/nyc-schools-account-\(nycsa\)](https://www.schools.nyc.gov/school-life/support/nyc-schools-account-(nycsa)) ভিজিট করার মাধ্যমে।

একজন শিক্ষার্থী তথ্য দেখতে NYC স্কুলস্ অ্যাকাউন্টে আমাকে আমন্ত্রণ দেয়া হয়েছিল। এখন কী করবো?

আপনাকে অ্যাকাউন্ট তৈরীর কোড ও ছেলেমেয়ের 9 ডিজিট স্টুডেন্ট ID, উভয়ই জানতে হবে, যেটা শিক্ষার্থীর কাস্টোডিয়াল পিতামাতা আবশ্যিকভাবে আপনার সাথে শেয়ার করতে হবে। NYC স্কুলস্ অ্যাকাউন্ট তৈরি করতে বা শিক্ষার্থীকে আপনার বিদ্যমান NYC স্কুলস্ অ্যাকাউন্টে যোগ করতে হলে উভয় তথ্যই আপনার জানা থাকতে হবে।

সন্তানের কাস্টোডিয়াল পিতামাতার উপর নির্ভর করবে আপনি শিক্ষার্থী সম্পর্কিত তথ্যের কোন্ স্তর পর্যন্ত দেখার সুযোগ পাবেন। বিষয়সম্পর্কে বা কোন শিক্ষার্থীর NYC স্কুলস্ অ্যাকাউন্ট দেখা নিয়ে কোন প্রশ্ন থাকলে, আমরা আপনাকে সন্তানের কাস্টোডিয়াল পিতামাতার সাথে কথা বলতে উৎসাহ দেই।

NYC স্কুলস্ অ্যাকাউন্টে আগে ছেলেমেয়ের সব তথ্য দেখতে পেতাম, এবং এখন আমি কম তথ্য দেখতে পাই।

যদি NYC স্কুলস্ অ্যাকাউন্টে কোন শিক্ষার্থীর তথ্য আপনি কতটুকু দেখতে পাচ্ছেন তার পরিবর্তন হয়, এর কারণ সন্তানের কাস্টোডিয়াল পিতামাতা এই পরিবর্তন করেছে।